

নিজেকে দেয়া 'নাগিন' নামটি শুনে যা বললেন বাঁধন -পৃষ্ঠা-৩


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪৯ ঃ মেহেরপুর-মঙ্গলবার ২৩ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ৮ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২৯ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


## যুক্তরাষ্ট্রের উদ্দেশে ঢাকা ছাড়লেন প্রধান উপদেষ্টা


সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রের উদ্দেশে ঢাকা ছেড়েছেন। সোমবার রাত ১টা ৪০ মিনিটে এমিরেটস এয়ারলাইন্সের একটি বাণিজ্যিক ফ্লাইটে তিনি নিউইয়র্কের পথে যাত্রা করেন। বিষয়টি প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম নিশ্চিত করেছেন। সফরসূচি অনুযায়ী, অধ্যাপক ইউনূস ২২ সেপ্টেম্বর নিউইয়র্কে পৌঁছাবেন। তিনি ২৬ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে ভাষণ দেবেন। ভাষণে তিনি অন্তর্বর্তী সরকারের সংস্কারমূলক পদক্ষেপ, ২০২৪ সালের জুলাইয়ের গণঅভ্যুত্থান থেকে জনগণের প্রত্যাশা এবং ২০২৬ সালের ফেব্রুয়ারিতে অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজনের অঙ্গীকার তুলে ধরবেন। প্রধান উপদেষ্টার সফরসঙ্গী হিসেবে রয়েছেন ছয়জন রাজনৈতিক নেতা। তারা হলেনড়বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর,

২-এর পৃষ্ঠা দেখুন

### প্রতিবন্ধিতা নয়, স্বপ্নেই সাফল্যের সীমা

## মেহেরপুরের ওমর ফারুক মামুনের দৃষ্টান্ত



নিজস্ব প্রতিবেদক

প্রতিবন্ধিতা কখনও কোনো প্রতিবন্ধকতা নয়,এই কথাই প্রমাণ করেছেন দৃষ্টিপ্রতিবন্ধী যুবক ওমর ফারুক মামুন। গ্লুকোমায় দুই চোখের দৃষ্টিশক্তি হারিয়েও তিনি কম্পিউটার ও ইন্টারনেট জগৎ জয় করেছেন। জাতীয় ও আন্তর্জাতিক একাধিক পুরস্কারপ্রাপ্ত মামুন জনশক্তিকে দক্ষ করতে প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলেছেন। বর্তমানে তিনি মেহেরপুর সরকারি সমাজসেবা অফিসের কম্পিউটার প্রশিক্ষক হিসেবে কর্মরত। সফল উদ্যোক্তা হিসেবে তিনি সেরা পুরস্কার অর্জন করেছেন টানা দু'বার। এ পুরস্কার পাওয়া মামুনের অসাধারণ কীর্তি। মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের এই স্বপ্নদ্রষ্টা পঞ্চম শ্রেণিতে পড়া অবস্থায় চোখের রোগে আক্রান্ত হন। পড়াশোনার সময়ে মাথা ও চোখে তীব্র যন্ত্রণা হলেও তিনি থেমে থাকেননি। এসএসসি পরীক্ষার আগে দু'চোখই গ্লুকোমায় ক্ষতিগ্রস্ত হয়ে যায়। অর্থাভাবে চিকিৎসা সম্ভব না হওয়ায় ২০০৬ সালে হঠাৎ দৃষ্টিশক্তিহীন হয়ে পড়েন। তবে শ্রুতিলেখকের সাহায্যে পরীক্ষা শেষ করে ভালো ফল অর্জন করেন। দৃষ্টিশক্তি হারানোর পর প্রশাসন ক্যাডারে চাকরির স্বপ্ন ত্যাগ করে তিনি কম্পিউটার ও ইন্টারনেটের জগতে দক্ষতা অর্জন করেন। বিশেষ সফটওয়্যার ও অ্যাপস ব্যবহার করে শব্দ শুনে কম্পিউটারে কাজ করা থেকে শুরু করে মোবাইলে কে কল করেছেন তা বোঝাড়সবই সম্ভব করেছেন মামুন। ২০০৬ সালে দক্ষিণ এশিয়ার একমাত্র দৃষ্টিপ্রতিবন্ধী কম্পিউটার প্রশিক্ষক ও সফল উদ্যোক্তা হিসেবে মালয়েশিয়ায় আন্তর্জাতিক সেমিন-ার ও প্রশিক্ষণে অংশ নেন। মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে নিজের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলেছেন তিনি। তার প্রশিক্ষণ পেয়ে এ পর্যন্ত প্রায় ৪ হাজার শিক্ষার্থী স্বাবলম্বী হয়েছেন। মামুন বলেন, "জন্মের কিছুদিন আগে বাবাকে হারাই। দারিদ্র্যের মাঝে ২০০৬ সালে এসএসসি পরীক্ষার সময় অন্ধ হয়ে যাই। স্বপ্ন আমাকে বাঁচিয়ে রেখেছে। কম্পিউটারে দক্ষতা অর্জন করে ২০১৫ সাল থেকে সমাজসেবা অধিদপ্তরের কম্পিউটার

২-এর পৃষ্ঠা দেখুন



### মেহেরপুরে রাজহাঁস পালন

## শখের সুখ থেকে আয়ের উৎস

নিজস্ব প্রতিবেদক

রাজহংসের রূপ, সৌন্দর্য ও সুনিপুণ ব্যক্তিত্ব বহু কবি ও সাহিত্যিকের কলমে বন্দনা পেয়েছে। কবির কল্পনায়, প্রেমিকের আরাধনায় রাজহাঁস এসেছে বিশেষ মর্যাদায়। বাড়ির উঠোনে কিংবা পুকুরে রাজহাঁসের গ্রীবা, ধীরস্থির চাহনি এবং নান্দনিক চলাচল পারিপার্শ্বিক পরিবেশকেও সুন্দর করে তোলে। মেহেরপুরের শান্তিপ্রিয় মানুষের কাছে রাজহাঁস তাই বিশেষ গুরুত্বের অধিকারী। সনাতন ধর্মাবলম্বীদের কাছে রাজহাঁস পবিত্রতা, আনুগত্য, ঐক্য এবং প্রেমের প্রতীক। রোমান্টিকতা ও ভক্তির প্রকাশ হিসেবেও রাজহাঁসকে মানা হয়। এটি জীবনে শুভ ও ঐশ্বরিক সময়ের আগমনের প্রতীক। কিন্তু প্রেম, সৌন্দর্য ও ব্যক্তিত্বের প্রতীক হলেও রাজহাঁস মানবজাতির রসনা থেকে মুক্ত নয়। মেহেরপুরে এর মাংসের চাহিদা ক্রমেই বেড়ে চলেছে। তাই অনেকেই বাড়িতে মিনি খামার গড়ে রাজহাঁস পালন করছেন। এটি শুধু আর্থিক সচ্ছলতা বৃদ্ধি করছে না, বরং দুস্থ পরিবারের জীবিকাও সহায়তা করছে। রাজহাঁস পালন প্রাচীন মিশরীয় সভ্যতা থেকে প্রচলিত। মাংস উৎপাদনের পাশাপাশি পালক দিয়ে গদি, লেপ, তোশক ও কুশন তৈরি করা যায়। রাজহাঁসের বুক, পিঠ ও পেটের নরম পালকও বাজারে চাহিদাসম্পন্ন। মেহেরপুরের গোভীপুর, হরিরামপুর, তেঘরিয়া, রাধাকান্তপুর, কুলবাড়িয়া, চাঁদপুর, সুবলপুর, গাংনী, ভোমরদহ ও কালিগাংনী

২-এর পৃষ্ঠা দেখুন



## অভিনব কৌশলে ফেনসিডিল পাচারকালে যুবক আটক

গাংনী প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে অভিনব কৌশলে ফেনসিডিল পাচারের সময় লিপন হোসেন (৩৭) নামে এক যুবককে আটক করেছে পুলিশ।গতকাল সোমবার (২২ সেপ্টম্বর) সকাল সাড়ে নয়টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের ছাতিয়ান ব্রিক ফিল্ড বাজার এলাকা থেকে তাকে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে ৪৫ বোতল

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনী থানার অভিযানে চার আসামী গ্রেফতার

গাংনী প্রতিবেদক

মেহেরপুর জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলা পুলিশের পক্ষ থেকে নিয়মিতভাবে বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় গাংনী থানা পুলিশ গত ২৪ ঘণ্টায় উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে চারজন আসামীকে গ্রেফতার করেছে। পুলিশ সূত্রে জানা যায়, গ্রেফতারকৃতদের মধ্যে তিনজন নিয়মিত মাদক মামলার এজাহারনামী আসামী এবং একজন গ্রেফতারি পরোয়ান-াভুক্ত। গ্রেফতারকৃতরা হলেন, গাংনী হিজলবাড়ীয়া দক্ষিণপাড়ার

২-এর পৃষ্ঠা দেখুন



## শারদ বরণে বস্ত্র বিতরণ

গাংনী প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে শারদ বরণ অনুষ্ঠিত হয়েছে।গতকাল সোমবার(২২ সেপ্টম্বর) সকালে গাংনী কেন্দ্রীয় মন্দিরে শচীন্দ্রনাথ বিশ্বাস ফাউন্ডেশনের উদ্যোগে শারদ বরণ অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে হিন্দু ধর্মাবলম্বী শতাধিক পরিবারের মাঝে বস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রেখা রাণী বিশ্বাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বস্ত্র বিতরণ করেন শচীন্দ্রনাথ বিশ্বাস ফাউন্ডেশনের পরিচালক, ইসলামী বিশ্ববিদ্যালয়ের সিনিয়র টেকনিক্যাল অফিসার এবং বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুর জেলা শাখার সদস্য

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় ট্রেনে কাটা পড়ে বৃদ্ধ নিহত

কুস্টিয়া প্রতিবেদক

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় গতকাল সোমবার (২২ সেপ্টম্বর) সকালে ট্রেনে কাটা পড়ে মানিক মিয়া (৬০) নামে একজন বৃদ্ধের মৃত্যু হয়েছে।

স্থানীয়রা জানান, হালসা রেলওয়ে স্টেশন এলাকায় সকালে রেললাইন পার হওয়ার সময় খুলনাগামী সীমান্ত ট্রেনে কাটা পড়ে ঘটনাস্থলেই তিনি নিহত হন। এ খবর হালসা স্টেশন মাস্টারের কাছে জানানো হয়। পোড়াদহ রেলওয়ে থানার (জিআরপি) ভারপ্রাপ্ত কর্মকর্তা জহিরুল ইসলাম বলেন, স্টেশন মাস্টারের খবর পেয়ে পুলিশ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জেলা বিএনপির দুর্গাপূজা পরিদর্শন

নিজস্ব প্রতিবেদক

আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৫ শান্তিপূর্ণ ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে উদযাপন নিশ্চিত করতে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে মন্দির পরিদর্শন করেছেন। রবিবার রাতে মেহেরপুর শহরের বড় বাজার কালী মন্দিরসহ বিভিন্ন মন্দির পরিদর্শন করেন জেলা বিএনপির নেতৃবৃন্দ। এ সময় পূজা উদযাপন কমিটির সঙ্গে শুভেচ্ছা বিনিময় এবং সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করা হয়। পরিদর্শনে উপস্থিত ছিলেন

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে সার ডিলারের জরিমানা

মুজিবনগর প্রতিবেদক

মুজিবনগরের দারিয়াপুর গ্রামের বিএডিসি সার ডিলার ওয়াহেদ ট্রেডার্সের মালিক উমাইয়া কুলসুমকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। তিনি চাষীদের কাছে সার বিক্রি না করে গুদাম থেকে অবৈধভাবে বাইরে মজুত রাখার অভিযোগে দোষী সাব্যস্ত হন। গতকাল সোমবার (২২ সেপ্টম্বর) দুপুর ১২টার দিকে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল অভিযানের নেতৃত্ব দেন। অভিযানের সময় বেশি দামে বিক্রয়ের উদ্দেশ্যে বাইরে থেকে আনা ৫

২-এর পৃষ্ঠা দেখুন

## এনসিপির সঙ্গে একীভূত হচ্ছে গণঅধিকার পরিষদ ও আপ বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

তরুণ প্রজন্মের নেতৃত্বে গড়ে ওঠা জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-র সঙ্গে একীভূত হতে যাচ্ছে গণঅধিকার পরিষদ ও ইউনাইটেড পিপলস বাংলাদেশ (আপ বাংলাদেশ)। দলীয় সূত্র জানিয়েছে, একীভূত হওয়ার প্রক্রিয়া ইতোমধ্যেই শুরু হয়েছে এবং তিন দলের মধ্যে প্রাথমিক আলোচনা শেষ হয়েছে। সূত্রগুলো বলছে, একীভূতের পর নতুন কাঠামোতে নেতৃত্ব বণ্টন নিয়ে এখনো দর-কষাকষি চলছে। কারা থাকবেন শীর্ষ পদে, কী হবে দলের কাঠামো ও নামড় এসব বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। তবে আলোচনায় প্রস্তাব এসেছে ১০ সদস্যের একটি শীর্ষ পর্ষদ গঠনের। এর মধ্যে

২-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতে ইসলামী'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শোলমারী গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার (২২ সেপ্টম্বর) বিকেল ৫টায় শোলমারীর প্রধান সড়ক ও দোকানপাটে অনুষ্ঠিত এ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, সাধারণ সম্পাদক ও

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গা পাসপোর্ট অফিসে সার্ভার গোলযোগ, সেবা বন্ধ

চুয়াডাঙ্গা প্রতিবেদক

বৈদ্যুতিক গোলযোগের কারণে চুয়াডাঙ্গা আঞ্চলিক পাসপোর্ট অফিসের কার্যক্রম গত দুই দিন ধরে প্রায় স্থবির হয়ে পড়েছে। জেলার বিভিন্ন উপজেলা থেকে আসা শতাধিক সেবাগ্রহীতা দীর্ঘ সময় লাইনে দাঁড়িয়ে থাকলেও সেবা না পেয়ে বাড়ি ফিরে যেতে বাধ্য হয়েছেন। পাসপোর্ট অফিস সূত্রে জানা যায়, অটোমেটিক ভোল্টেজ রেগুলেটর ক্ষতিগ্রস্ত হয়ে সার্ভার হঠাৎ বন্ধ হয়ে যাওয়ায় আবেদন গ্রহণ ও পাসপোর্ট ডেলিভারি কার্যক্রম বন্ধ হয়ে যায়। গতকাল সোমবার (২২ সেপ্টম্বর) দুপুরে আংশিক মেরামতের পর সীমিত আকারে ডেলিভারি শুরু হলেও আবেদন গ্রহণসহ পূর্ণাঙ্গ কার্যক্রম এখনও স্বাভাবিক হয়নি। সরেজমিনে দেখা যায়, দামুড়হুদা, জীবননগর, আলমডাঙ্গা ও সদর উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আগত মানুষরা ভোর থেকে লাইনে দাঁড়িয়ে আছেন। ভুক্তভোগী দামুড়হুদার স্বাধীন হাসান বলেন, "আবেদন জমা দিতে এসে পুরো দিন লাইনে দাঁড়াতে হলো। আজ আবার কোনো কাজ হলো না।" জীবননগরের শাকিল মাহমুদ যোগ করেন, "ভোর ছয়টায় রওনা দিয়েছি। সকাল ৯টার দিকে জানানো হয় সার্ভারের সমস্যা

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১


### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর {স্বাস্থ্য ঝুঁকিতে মেহেরপুরের শিশুরা}

স্বাস্থ্যের ঝুঁকিতে আছে শিশু
স্বাস্থ্য কি করে থাকে
ভাত মাংস খাবে না সে
চোখ রাঙ্গায় তার মাকে।
শিশুর জন্য আনছি কিনে
বিষ যুক্ত জুস
মাস ঘুরে বছর যাচ্ছে
কবে উঠবে মোদের হুঁশ।
শিশু হলো কোমলমতি
যা দিব তাই খাবে
আমরা হলাম সচেতন মানুষ
রাখতে হবে মনে।
শিশুর স্বাস্থ্য থাকবে ভালো
করতে হবে পণ
সরল মনে বাড়বে শিশু
ঝুঁকি থাকবে কম।



## গ্রীষ্মকালীন হ্যান্ডবলে মেয়েদের আমঝুপি, ছেলেদের কামদেবপুর জয়ী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার ক্রীড়া সমিতির আয়োজন ও গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় মেয়েদের হ্যান্ডবলে

২-এর পৃষ্ঠা দেখুন

## মোহামেডান প্রফেশনাল লিগ কমিটি বিলুপ্তি চেয়েছে

সূর্যোদয় প্রতিবেদন

চ্যালেঞ্জ কাপ দিয়ে ১৯ সেপ্টেম্বর ঘরোয়া ফুটবল মৌসুম (২০২৫-২৬) শুরু হয়েছে। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) থেকে শুরু হচ্ছে ফেডারেশন কাপ, আর বাংলাদেশ প্রিমিয়ার লিগের উদ্বোধন হবে ২৬ সেপ্টেম্বর। মৌসুমের শুরুতেই ঘোষিত ফিকশ্চার নিয়ে বিতর্ক সৃষ্টি হয়েছে। বর্তমান চ্যাম্পিয়ন ক্লাব মোহামেডান এ বিষয়ে তীব্র প্রতিক্রিয়া জানিয়েছে। দেশের ঐতিহ্যবাহী এই ক্লাবটি বাফুফে সভাপতি তাবিথ আউয়ালের কাছে লিখিত অভিযোগ করেছে, বিদ্যমান প্রফেশনাল লিগ

২-এর পৃষ্ঠা দেখুন




হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ৮ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২৩ সেপ্টেম্বর ২০২৫ইং

# স্বীকৃতির হিড়িক কিন্তু ফিলিস্তিনের ভূখণ্ড কোথায়, নেতৃত্ব দেবে কে

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক মহল যখন ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেওয়ার পথে হাঁটছে, তখন একটি বড় প্রশ্ন সামনে এসেছে; কে স্বাধীন ফিলিস্তিনের নেতৃত্ব দেবে?

যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়ার মতো ইসরায়েল ঘনিষ্ঠ মিত্র দেশগুলোও ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ায় এই আলোচনা আরও গতি পেয়েছে। কিন্তু রাষ্ট্র হিসেবে ফিলিস্তিনের অস্তিত্ব, নির্দিষ্ট ভূখণ্ড এবং কার্যকর সরকার আছে কি না, তা নিয়ে তৈরি হয়েছে জটিলতা। ফিলিস্তিনি কূটনীতিক হুসাম জোমলোট সম্প্রতি লন্ডন থেকে সতর্ক করে বলেছিলেন, জাতিসংঘে আপনারা যা দেখতে চলেছেন, তা দ্বি-রাষ্ট্র সমাধান বাস্তবায়নের সম্ভবত শেষ চেষ্টা। তাঁর এই কথা সত্যি প্রমাণ করে, ১৫৩টি দেশের তালিকায় যুক্ত হলো যুক্তরাজ্য, কানাডা এবং অস্ট্রেলিয়া। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী স্যার কিয়ার স্টারমার এই পদক্ষেপকে মধ্যপ্রাচ্যে শান্তি ফেরানোর একটি উপায় হিসেবে বর্ণনা করেছেন। ১৯৩৩ সালের মন্টেভিডিও কনভেনশন অনুযায়ী, একটি রাষ্ট্রের জন্য চারটি মূল মানদণ্ড প্রয়োজন: ১. স্থায়ী জনসংখ্যা, ফিলিস্তিনের এটি আছে। ২. আন্তর্জাতিক সম্পর্ক স্থাপনের ক্ষমতা ৩. নির্দিষ্ট ভূখণ্ড, এটিই সবচেয়ে বড় সমস্যা। ১৯৪৮ সাল থেকে গাজা এবং পশ্চিম তীর ভৌগোলিকভাবে বিচ্ছিন্ন। উপরন্তু, ইসরায়েলি বসতি স্থাপন পশ্চিম তীরকে ক্রমাগত খণ্ডিত করেছে। পূর্ব জেরুজালেমকে ফিলিস্তিনিরা তাদের রাজধানী মনে করলেও বর্তমানে এটিও বিচ্ছিন্ন। ৪. একটি কার্যকর সরকার; এই মানদণ্ডটিই ফিলিস্তিনের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ। ১৯৯৪ সালে ফিলিস্তিনি কর্তৃপক্ষের সৃষ্টি হলেও ২০০৭ সাল থেকে ফিলিস্তিনিরা দুটি ভিন্ন সরকারের অধীনে বিভক্ত। গাজায় শাসন করছে হামাস, আর পশ্চিম তীরে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ফিলিস্তিনি কর্তৃপক্ষের নেতা মাহমুদ আব্বাস। মাহমুদ আব্বাসের বয়স এখন ৯০-এর কাছাকাছি। তার নেতৃত্ব নিয়ে ফিলিস্তিনিদের মধ্যে অসন্তোষ প্রবল। তাদের সর্বশেষ নির্বাচন হয়েছিল ২০০৬ সালে। এর ফলে ৩৬ বছরের কম বয়সী কোনো ফিলিস্তিনি ভোট দিতে পারেনি। ফিলিস্তিনি আইনজীবী ডায়ানা বুট্টু বলেন, আমাদের নতুন নেতৃত্বের প্রয়োজন। বন্দি থাকা অবস্থায়ও ফিলিস্তিনিদের পছন্দের

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## ফ্যাটি লিভার প্রতিরোধে পাঁচটি উপকারী সবজি

সূর্যোদয় প্রতিবেদন

ফ্যাটি লিভার আজকাল ঘরে ঘরে দেখা যায় এমন এক স্বাস্থ্য সমস্যা। শুধু প্রাপ্তবয়স্ক নয়, অনেক তরুণ ও কিশোর-কিশোরীও এই সমস্যায় ভুগছেন। লিভার শরীরের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ, যা টক্সিন দূর করে শরীরকে সুস্থ রাখে। কিন্তু ফ্যাট জমে গেলে লিভারের কার্যক্ষমতা কমে যায় এবং সার্বিক শারীরিক স্বাস্থ্য প্রভাবিত হয়। ফ্যাটি লিভার প্রতিরোধে খাদ্যাভ্যাসের পরিবর্তনই প্রথম ধাপ। বিশেষ কিছু সবজি নিয়মিত খেলে লিভারের ফ্যাট কমাতে এবং টক্সিন বের করতে সাহায্য পাওয়া যায়। আসুন জেনে নেওয়া যাক ৫টি উপকারী সবজির কথা : ব্রকলি: কম ক্যালরির এই সবজিতে প্রচুর ফাইবার থাকে, যা লিভারের ফ্যাট

৩-এর পৃষ্ঠা দেখুন



## আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে বহুতল ভবন নির্মাণের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে এক প্রভাবশালীর বিরুদ্ধে বহুতল ভবন নির্মাণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় মেহেরপুর অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে মামলা দায়ের করা হয়েছে। সংশ্লিষ্ট জমিতে ইতোমধ্যেই ফৌজদারি কার্যবিধির ১৪৫ ধারা জারি রয়েছে। মেহেরপুর পৌর এলাকার ৬৬ নং মেহেরপুর মৌজার আরএস খতিয়ান নং-১৯৫৬ এর দাগে ০.০৭২৫ একর জমি ২০০৯ সালে ক্রয় করেন রাজু কামাল। বর্তমানে ওই জমির মালিকানা দাবি করছেন তার ছেলে রাসেল আহমেদ। অভিযোগ রয়েছে, জমিটির একাংশ জোরপূর্বক দখল করে বহুতল ভবন নির্মাণ করছেন গড়পাড়ার মৃত করিম উদ্দিনের ছেলে টুটুল ও মাসুদ। ভুক্তভোগী রাসেল আহমেদ বলেন, "আমরা এই জমি প্রায় ১৫-১৬ বছর ধরে ভোগ দখল করে আসছি। বছরখানেক আগে মাপযোগ না করেই তারা বহুতল ভবন

৩-এর পৃষ্ঠা দেখুন

## জাতিসংঘ অধিবেশনে প্রটেকশনের স্বার্থে অন্য দলের নেতাদের নেওয়া হয়েছে: রাশেদ খান

সূর্যোদয় প্রতিবেদন

গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান অভিযোগ করেছেন, জাতিসংঘ অধিবেশনে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিজেরা প্রটেকশন পাওয়ার স্বার্থে সঙ্গে নিয়েছেন। সোমবার (২২ সেপ্টেম্বর) নিজের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ সমালোচনা করেন। রাশেদ খান লেখেন, "অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টাগণ জাতিসংঘ সফরে ৩টা রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিজেদের প্রটেকশনের স্বার্থে নিয়ে গেছেন। তাছাড়া সেখানে রাজনীতিকদের কোনো কাজ নেই। স্বাভাবিকভাবে সেখানে আওয়ামী লীগের নেতা-কর্মীরা বিক্ষোভ প্রদর্শন করবেন। হয়তো তারা গালিগালাজ বা উপদেষ্টাদের অপদস্ত করার মতো ঘটনা ঘটাবে। ইতোমধ্যে বিএনপি-

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিশ্বসেরা গবেষকের তালিকায় ইবির দুই শিক্ষক

কুস্টিয়া প্রতিবেদক

বিশ্বের শীর্ষ দুই শতাংশ গবেষকের তালিকায় স্থান পেয়েছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) দুই শিক্ষক।গত শনিবার (২০ সেপ্টেম্বর) যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও নেদারল্যান্ডসভিত্তিক বিশ্বখ্যাত চিকিৎসা ও বিজ্ঞানবিষয়ক প্রকাশনা সংস্থা 'এলসেভিয়ার'-এর যৌথ জরিপে এ তালিকা প্রকাশ করে। তালিকায় ইবির বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মিজানুর রহমান এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. হাবিবুর রহমান স্থান পেয়েছেন। অধ্যাপক হাবিবুর রহমান বলেন, ?'বিশ্বের শীর্ষ দুই শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পাওয়া শুধু আমার ব্যক্তিগত অর্জন নয়, বরং এটি আমার বিশ্ববিদ্যালয় ও দেশের জন্য একটি সম্মানের বিষয়। এটি প্রমাণ করে যে, আমাদের বিশ্ববিদ্যালয় ও দেশ থেকেও বিশ্বমানের গবেষণা করা সম্ভব।' এ বিষয়ে অধ্যাপক মিজানুর রহমান বলেন, 'ইসলামী বিশ্ববিদ্যালয় ও

৩-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচন পরিচালনায় আওয়ামী দোসরদের সম্পৃক্ত করা যাবে না: ফারুক

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচন পরিচালনায় আওয়ামী দোসর কর্মকর্তাদের সম্পৃক্ত করা যাবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক বিরোধীদলীয় চিফ হুইপ জয়নুল আবদিন ফারুক। সোমবার (২২ সেপ্টেম্বর) জাতীয় প্রেস ক্লাবের সামনে গণতন্ত্র ফোরাম আয়োজিত অবস্থান কর্মসূচিতে তিনি এ হুঁশিয়ারি দেন। ফারুক বলেন, "হাসিনার প্রেত্মাতারা এখনো সচিবালয়ে বসে আছে। আমাদের দাবিড়আগামী ফেব্রুয়ারির নির্বাচনে যারা ২০১৪ সালে কুকুরের উপস্থিতিতে, ২০১৮ সালে দিনের ভোট রাতে এবং ২০২৪ সালে দিনের ভোট রাতেই করেছে, সেই প্রেত্মাতারা যেন কোনোভাবেই সম্পৃক্ত না হতে পারে।" প্রধান নির্বাচন কমিশনারের উদ্দেশে তিনি

৩-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে কৃষক সমাবেশ অনুষ্ঠিত

গাংনী প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটী গ্রামে কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে সাহারবাটী আইএফ এম কৃষি ক্লাব চত্বরে এ সমাবেশ আয়োজন করা হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশিষ্ট ব্যবসায়ী কাবিদুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আরাফাত মিঞা। বিশেষ অতিথি ছিলেন উপ-সহকারী কৃষি কর্মকর্তা আমিনুল ইসলাম। অনুষ্ঠানের সঞ্চালনা করেন কৃষক প্রতিনিধি শেখ সাদি। এসময় উপস্থিত ছিলেন কৃষক প্রতিনিধি সেলিম রেজাসহ এলাকার বিভিন্ন কৃষক। সমাবেশে কৃষি উন্নয়ন, আধুনিক চাষাবাদ পদ্ধতি এবং কৃষকদের সমস্যা ও সমাধান নিয়ে আলোচনা করা হয়।




## মাদার আলী বিশ্বাস স্মৃতি ফুটবল পোড়াদাহ ওয়ান্ডার্স ফাইনালে

মুজিবনগর প্রতিবেদক

মুজিবনগরের যতারপুরে গ্রামবাসীর উদ্যোগে আয়োজিত মরহুম মাদার আলী বিশ্বাস স্মৃতি ফুটবল টুর্নামেন্টে পোড়াদাহ ওয়ান্ডার্স ক্লাব প্রথম দল হিসেবে ফাইনাল নিশ্চিত করেছে। টুর্নামেন্টটি যতারপুর গ্রামের প্রধান খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে, যেখানে স্থানীয় ও আশেপাশের

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতে পাঠানো হলো ৫০০ কেজি সুগন্ধি চিনিগুঁড়া চাল

সূর্যোদয় প্রতিবেদন

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে প্রতিবেশী ও ঐতিহ্যবাহী উৎসবকে ঘিরে সৌহার্দ্যের নিদর্শন হিসেবে বাংলাদেশ থেকে ভারতে পাঠানো হলো ৫০০ কেজি সুগন্ধি চিনিগুঁড়া চাল। সোমবার (২২ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর দিয়ে চালবোঝাই একটি পিকআপ ভ্যান ভারতের আগরতলা স্থলবন্দরে প্রবেশ করে। সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে এ চাল পাঠানো হয়। চালগুলো ভারতের রাজধানী দিল্লিতে অবস্থিত

৩-এর পৃষ্ঠা দেখুন



## পুঁজিবাজার থেকে সবসময় মুনাফা আসবে, এমন ধারণা ভুল : অর্থ উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

পুঁজিবাজারকে নিয়মিত আয়ের নিশ্চয়তাপূর্ণ উৎস হিসেবে দেখলে বিনিয়োগকারীদের জন্য বিপদের কারণ হতে পারে বলে সতর্ক করেছেন সাবেক গভর্নর ও প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেছেন, ক্যাপিটাল মার্কেটে যেমন মুনাফার সুযোগ রয়েছে, তেমনি ক্ষতির ঝুঁকিও বিদ্যমান। তাই বিনিয়োগকারীদের

৩-এর পৃষ্ঠা দেখুন

## সম্মিলিত প্রচেষ্টায় ঢাকার নদীগুলোকে বাঁচানো সম্ভব পরিবেশ উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় ঢাকার নদীগুলো রক্ষা করা সম্ভব। কারণ ঢাকার চারপাশের নদীগুলো ব্যাপকভাবে দূষিত হচ্ছে। এতে পরিবেশের ভারসাম্য নষ্ট ও জীববৈচিত্র্য হারিয়ে যাচ্ছে। সোমবার রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় আয়োজিত ঢাকার নদীগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য 'পলিসি ডায়ালগ : টেকসই ব্যবস্থাপনার জন্য নীতিগত বিকল্প' শীর্ষক সেমিনারে তিনি

৩-এর পৃষ্ঠা দেখুন



## এনসিপি ১৫০ আসন পাবে, বিএনপি ৫০-১০০ আসন : নাসীরুদ্দীন পাটওয়ারী

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী জানিয়েছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনে ১৫০টি আসন পাবে এনসিপি। তিনি আরও উল্লেখ করেছেন, বিএনপির আসন সংখ্যা ৫০-১০০ এর বেশি হবে না। এনসিপি দলের প্রতীক শাপলা থেকে কোনো অবস্থাতেই সরানো হবে না বলে তিনি জানিয়েছেন।

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## মহাকাশ আবহাওয়া পূর্বাভাসে নতুন যুগের সূচনা

সূর্যোদয় প্রতিবেদন

নাসা ইন্টারস্টেলার ম্যাপিং অ্যান্ড অ্যাকসেলারেশন প্রোব (আইম্যাপ) নামে নতুন মহাকাশযান উৎক্ষেপণের প্রস্তুতি নিচ্ছে। আজ ২৩ সেপ্টেম্বর এটি মহাকাশে পাঠানো হবে। আইম্যাপ সৌরজগতের প্রান্তে অবস্থিত হেলিওস্ফিয়ার (সূর্যের চারপাশে গঠিত প্রতিরক্ষামূলক বুদ্বুদ, যা মহাজাগতিক বিকিরণ থেকে সৌরজগতকে আংশিক সুরক্ষা দেয়) নিয়ে গবেষণা করবে। সূর্যের কার্যকলাপ কীভাবে হেলিওস্ফিয়ারকে প্রভাবিত করে এবং মহাশূন্যের বাইরের পরিবেশের সঙ্গে এর মিথস্ক্রিয়া কেমন- এর মাধ্যমে সেটা বোঝা যাবে । এই মহাকাশযান সূর্যের কণাগুলো কীভাবে শক্তি অর্জন করে এবং সৌর বাতাস কীভাবে আন্তঃনাক্ষত্রিক




মহাকাশে ছড়িয়ে পড়ে তা বিশ্লেষণ করবে। একই সঙ্গে এটি সৌর বাতাস ও উচ্চ-শক্তির কণার তাৎক্ষণিক পর্যবেক্ষণ করবে। আইম্যাপ

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগে অভিজ্ঞ
ডাঃ মোঃ শাহিনুর রশিদ



এম.বি.বি.এস(ডি.ইউ).বি.সি.এস (স্বাস্থ্য) ডি-কার্ড (কার্ডিওলজি), এফ.সি.পি.এস (মেডিসিন) সি.সি.ডি (বারডেম) এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রুগী দেখেন প্রতি শনি ,রবি ও সোমবার
সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308
রাবেয়া মেডিকেল সার্ভিসেস
জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, মঙ্গলবার, ২৩ সেপ্টেম্বর ২০২৫ ইং

## রঙিন প্রলোভন, ভেজাল শিশুখাদ্য

মেহেরপুরসহ দেশের প্রত্যন্ত গ্রামীণ বাজারগুলোতে ভেজাল ও রাসায়নিক মিশ্রিত শিশুখাদ্যের অবাধ বাণিজ্য এখন এক ভয়াবহ রূপ নিয়েছে। চকচকে মোড়ক, রঙিন চকলেট, বাহারি জুস কিংবা আইসক্রিমড়এসব আকর্ষণে শিশুরা সহজেই ঝুঁকছে। অথচ এসব খাদ্যের ভেতরে লুকিয়ে আছে কিডনি ও লিভারের জটিলতা, উচ্চরক্তচাপ, এমনকি দীর্ঘমেয়াদি নানা প্রাণঘাতী রোগের ঝুঁকি। সম্প্রতি ভ্রাম্যমাণ আদালতের অভিযানে মেহেরপুরের বিভিন্ন বাজারে মেয়াদোত্তীর্ণ মিষ্টি, ভেজাল বিস্কুট, অস্বাস্থ্যকর পরিবেশে তৈরি চিপস ও আইসক্রিম বিক্রির প্রমাণ মিলেছে। জরিমানা হলেও ভেজাল পণ্য বিক্রি থেমে নেই। কারণ উৎপাদনকারী চক্রকে সঠিকভাবে আইনের আওতায় আনা হচ্ছে না। ভ্রাম্যমাণ আদালতের সাময়িক তদারকি ভেজালের শেকড় কাটতে পারছে না। শিশুরা হলো দেশের ভবিষ্যৎ। অথচ সবচেয়ে সহজ টার্গেট গ্রাহক হিসেবে তাদের হাতিয়ার বানানো হচ্ছে। স্কুলগেট, অলিগলি কিংবা ছোট মুদিখানার দোকানেই ভেজাল পণ্যের প্রলোভন সাজানো থাকে। দাম কম, রঙ আকর্ষণীয় ফলে শিশুরা অভিভাবকের চোখ ফাঁকি দিয়েই কিনে খায়। এর পরিণতি ভয়াবহ হতে বাধ্য। শুধু প্রশাসনিক তৎপরতা নয়, অভিভাবক ও সমাজকেও আরও সচেতন হতে হবে। কোন খাবার নিরাপদ, কোনটি ক্ষতিকরড়তা শিশুদের জানাতে হবে। স্কুলে স্কুলে ভেজালবিরোধী প্রচারণা চালানো প্রয়োজন। একইসঙ্গে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে উৎপাদনকারী প্রতিষ্ঠান চিহ্নিত করে কঠোর আইন প্রয়োগ নিশ্চিত করতে হবে। মেহেরপুরের সাম্প্রতিক চিত্র আমাদের সতর্ক করে দেয়ড়আজ ব্যবস্থা না নিলে আগামী প্রজন্ম অসুস্থ ও দুর্বল হয়ে বেড়ে উঠবে। শিশুদের সুস্থতার জন্য পরিবার, সমাজ ও রাষ্ট্রকে একযোগে এখনই কার্যকর পদক্ষেপ নিতে হবে।

# আন্তর্জাতিক শান্তি দিবস ও নারী: শান্তির অগ্রদূত

আফরোজা পারভীন কাকলি



প্রতি বছর ২১ সেপ্টেম্বর বিশ্বজুড়ে পালিত হয় আন্তর্জাতিক শান্তি দিবস। জাতিসংঘ ১৯৮১ সালে দিনটিকে ঘোষণা করে এবং ২০০১ সাল থেকে ২১ সেপ্টেম্বরকে স্থায়ীভাবে নির্ধারণ করে। এ দিনটি যুদ্ধবিরতি ও অহিংসার প্রতীক হিসেবে পালিত হলেও এর মর্মবাণী হলো, সকল মানুষের মাঝে শান্তি, মানবিকতা ও সহমর্মিতার সংস্কৃতি গড়ে তোলা। কিন্তু শান্তির প্রশ্নে নারীকে বাদ দিয়ে কোনো আলোচনা পূর্ণতা পায় না। মানবসভ্যতার শুরু থেকেই নারী শান্তি ও ভালোবাসার প্রতীক। মায়ের কোলেই শিশু শেখে মানবিকতা ও সহমর্মিতা। শিক্ষিত ও মূল্যবোধসম্পন্ন নারী পরিবারে শান্তির বীজ বপন করেন, যা সমাজ ও রাষ্ট্রে ছড়িয়ে পড়ে। তাই নারীই প্রকৃত অর্থে শান্তির প্রথম শিক্ষক। বাস্তবতায় শান্তির পথে বড় অন্তরায় হলো নারীর প্রতি সহিংসতা। পারিবারিক নির্যাতন, যৌন হয়রানি, বাল্যবিবাহ কিংবা কর্মক্ষেত্রে বৈষম্যড়সব ক্ষেত্রেই নারী ক্ষতিগ্রস্ত। যুদ্ধ ও সংঘাতকবলিত এলাকায় নারী ও শিশুই সবচেয়ে বেশি বাস্তুচ্যুত ও নির্যাতনের শিকার। নারী নিরাপদ না হলে কোনো সমাজেই প্রকৃত শান্তি প্রতিষ্ঠা সম্ভব নয়।

শান্তি প্রতিষ্ঠা নারী-পুরুষের যৌথ দায়িত্ব। অথচ রাজনৈতিক নেতৃত্ব, নীতি প্রণয়ন বা আন্তর্জাতিক শান্তি আলোচনায় নারীর উপস্থিতি এখনো সীমিত। অথচ ইতিহাস বলছে, যেখানে নারীরা অংশ নিয়েছেন, সেসব শান্তিচুক্তি হয়েছে দীর্ঘস্থায়ী। জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ১৩২৫ নং প্রস্তাবেও বলা হয়েছেড়শান্তি প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। শান্তি কেবল অস্ত্রবিরতি নয়; এটি সামাজিক ও অর্থনৈতিক ন্যায়ের প্রশ্ন। দারিদ্র্য, বৈষম্য, শিক্ষা ও কর্মসংস্থানের অভাব শান্তিকে বাধাগ্রস্ত করেড়য়ার শিকার নারীরা বেশি। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (ঝউএং) ৫ নম্বর লক্ষ্য (লিঙ্গ সমতা) ও ১৬ নম্বর লক্ষ্য (শান্তি, ন্যায়বিচার ও শক্তিশালী প্রতিষ্ঠান) নারী ও শান্তির সম্পর্ককে স্পষ্ট করে। শিক্ষিত, স্বাবলম্বী ও সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণকারী নারী সমাজে স্থায়ী শান্তি প্রতিষ্ঠায় মুখ্য ভূমিকা রাখেন। আন্তর্জাতিক শান্তি দিবস আমাদের স্মরণ করিয়ে দেয়ড়শান্তি প্রতিষ্ঠা কোনো একদিনের কর্মসূচি নয়; এটি ধারাবাহিক প্রক্রিয়া। নারী নিরাপদ হলে পরিবার নিরাপদ হয়, পরিবার নিরাপদ হলে সমাজ শান্তিপূর্ণ হয়; আর শান্তিপূর্ণ সমাজ গড়ে তোলে এক শান্তিপূর্ণ বিশ্ব। অঙ্গীকার হোক: নারীর প্রতি সহিংসতা ও বৈষম্য দূর করা। শিক্ষা, কর্মসংস্থান ও নেতৃত্বে সমান সুযোগ সৃষ্টি করা। শান্তি আলোচনায় নারীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা। নারীকে ভুক্তভোগী নয়, শান্তির অগ্রদূত হিসেবে স্বীকৃতি দেওয়া। শান্তির মূল ভিত্তি হলো মানবিকতা, সমতা ও সম্মান। নারী যখন মর্যাদা ও নিরাপত্তা পান, তখনই প্রকৃত শান্তি প্রতিষ্ঠা সম্ভব হয়। আন্তর্জাতিক শান্তি দিবস আমাদের মনে করিয়ে দেয়ড়নারীই শান্তির আলোকবর্তিকা; তাদের হাত ধরে গড়ে উঠতে পারে সহিংসতামুক্ত, বৈষম্যহীন ও শান্তিপূর্ণ পৃথিবী। (সহ সমন্বয়কারী শান্তি সময়ক প্ল্যাটফর্ম ওয়েভ)

# টি-শার্ট পরে নামাজ আদায়ের বিধান

মুহাম্মদ আল আমিন

ইসলামে নামাজের ক্ষেত্রে পুরুষের জন্য ন্যূনতম শর্ত হলো শরীরের সতর ঢাকা রাখা। পুরুষের সতর হলো নাভির নিচ থেকে হাঁটুর নিচ পর্যন্ত অংশ। এ অংশ ঢাকা থাকলে নামাজ আদায় সহীহ হবে। তবে শরীরের অন্যান্য অংশ উন্মুক্ত থাকলে নামাজ আদায় হলেও তা শোভ-নীয় হয় না।

মহান আল্লাহ তাআলা পবিত্র কোরআনে নির্দেশ দিয়েছেন,"হে আদম সন্তান! প্রত্যেক নামাজের সময় তোমরা সুন্দর পরিচ্ছদ পরিধান করবে" (সুরা আরাফ: ৩১০) ।রাসূলুল্লাহ (সা.)-এর হাদিসে এসেছে, "তোমাদের কেউ যেন এক কাপড় পরে এমন অবস্থায় নামাজ না পড়ে যে তার কাঁধে ওই কাপড়ের কোনো অংশ নেই" (সহিহ বুখারি: ৩৫২, সহিহ মুসলিম: ৫১৬) ।উপরোক্ত আয়াত ও হাদিস থেকে স্পষ্ট হয় যে, শুধু সতর ঢাকাই যথেষ্ট নয়; বরং নামাজের সময় পরিচ্ছন্ন ও শালীন পোশাক পরিধান করা উচিত। টি-শার্টের ব্যাপারে বিধান হলো, যদি টি-শার্ট বা হাফহাতা জামা এমন হয়, যা সামাজিক অনুষ্ঠানে বা লোকসমাগমে পরিধানের উপযোগী, তবে তা পরে নামাজ আদায় করা জায়েজ এবং এতে কোনো মাকরুহ নেই।

কিন্তু যদি পোশাকটি অতিরিক্ত আঁটসাঁট, পাতলা বা শুধু ঘরে ও ঘুমানোর জন্য উপযুক্ত হয়, তবে সেটি পরে নামাজ পড়া মাকরুহ বলে গণ্য হবে।

তাছাড়া অযথা মাথা, বুক-পিঠ বা কাঁধ খোলা রেখে নামাজ আদায় করাও মাকরুহ। নামাজে দাঁড়ানোর সময় মুসলমানকে মনে রাখতে হবে, সে মহান আল্লাহর সামনে উপস্থিত হচ্ছে। তাই সামর্থ্য অনুযায়ী সর্বদা মার্জিত ও শালীন পোশাক পরে নামাজ আদায় করা উত্তম।

শখের সুখ থেকে আয়ের উৎস

(প্রথম পৃষ্টার পর)

গ্রামে সবচেয়ে বেশি রাজহাঁস পালন হয়। রাজহাঁস একমাত্র প্রজাতি যা ঘাস-লতাপাতা খেয়ে থাকে। সাধারণত এটি প্রয়োজনীয় খাদ্যের অর্ধেকের বেশি ঘাস থেকে পূরণ করে। তাই তৃণময় নিম্নভূমি বিশিষ্ট এলাকায় পালনের জন্য উপযুক্ত। দেশি জাতের রাজহাঁস বছরে ২০-২৫টি ডিম দেয়, যা মুরগির ডিমের তুলনায় চারগুণ বড়। বড় রাজহাঁস বিক্রি হয় ৪৫০-৫০০ টাকা কেজি দরে। বাচ্চা রাজহাঁসও ৫০০ টাকা দরে বিক্রি করা যায়। সদর উপজেলার যাদবপুর গ্রামের নাগিস বেগম বলেন, "আমি সব সময় ৩০-৪০টি রাজহাঁস পালন করি। পরিবারের চাহিদা মিটিয়ে বিক্রি থেকে আয় হয়, যা খাওয়ার ব্যয় মেটাতে সাহায্য করে।" গাংনী উপজেলার তেরাইল গ্রামের নুর নাহার জানান, "শখে দুটো হাঁস থেকে শুরু করে এখন আমার ৮৫টি রাজহাঁস আছে। সারাদিন বাগানে বা বিলে হাঁস চারণ করি, অতিরিক্ত খাবারের প্রয়োজন হয় না।" মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সুব্রত কুমার ব্যানার্জী বলেন, "রাজহাঁস পালন লাভজনক। রোগ-ব্যাধি কম হয়। ডাক প্লেগ রোগের জন্য মাঝে মাঝে ভ্যাকসিন দিতে হয়, এরপর কোনো সমস্যা থাকে না।"

## যুক্তরাষ্ট্রের উদ্দেশে ঢাকা ছাড়লেন

(প্রথম পৃষ্টার পর)

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, জামায়াতে ইসলামী নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের, জামায়াত নেতা নকিবুর রহমান তারেক এবং জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন ও যুগ্ম আহ্বায়ক ডা. তাসনিম জারা। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এবারের অধিবেশন বাংলাদেশের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ। ৩০ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে 'হাই লেভেল কনফারেন্স অন দ্য সিচুয়েশন অব রোহিঙ্গা মুসলিমস অ্যান্ড আদার মাইনোরিটিস ইন মিয়ানমার' শীর্ষক বৈঠক। জাতিসংঘে রোহিঙ্গা ইস্যু নিয়ে এটিই প্রথম উচ্চপর্যায়ের সম্মেলন। অধ্যাপক ইউনূসের প্রস্তাবের ভিত্তিতে এই সম্মেলনের উদ্যোগ নেওয়া হয়, যা সর্বসম্মতিক্রমে সদস্য রাষ্ট্রগুলো সমর্থন করেছে। এ ছাড়া প্রধান উপদেষ্টা ২৫ সেপ্টেম্বর যুবকদের জন্য কর্মপরিকল্পনার ৩০তম বার্ষিকী উপলক্ষে উচ্চপর্যায়ের বৈঠকসহ শান্তি, নিরাপত্তা, জলবায়ু পরিবর্তন, টেকসই উন্নয়ন, নিরাপদ অভিবাসন, অবৈধ অর্থপাচার, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং ফিলিস্তিনে শান্তি প্রতিষ্ঠার মতো বৈশ্বিক বিষয়ে বক্তব্য রাখবেন। সফরকালে তিনি জাতিসংঘ মহাসচিব এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আয়োজিত সংবর্ধনায় যোগ দেবেন। পাশাপাশি বিভিন্ন দেশের শীর্ষ নেতাদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকেও অংশ নেবেন। প্রধান উপদেষ্টার সফরসঙ্গী হিসেবে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনও থাকবেন। তিনি কমনওয়েলথ, পিসবিল্ডিং কমিশন, 'জি-৭৭ ও চীন', নারী-শান্তি ও নিরাপত্তা নেটওয়ার্ক, ওআইসি, বিমসটেক, সিকা ও এলডিসি মন্ত্রীপর্যায়ের বৈঠকে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন। ড. মুহাম্মদ ইউনূস আগামী ২ অক্টোবর দেশে ফেরার কথা রয়েছে।

## অভিনব কৌশলে ফেনসিডিল

(প্রথম পৃষ্টার পর)

ফেনসিডিল উদ্ধার করা হয়। আটক লিপন হোসেন কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার তেকালা পশ্চিম পাড়ার ফরজ আলীর ছেলে। গাংনী থানা পুলিশের এসআই শিমুল বিশ্বাস জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন, ওই এলাকায় দিয়ে এক মাদক কারবারি ফেনসিডিল পাচার করছে। পরে সেখানে অবস্থানকালে সন্দেহজনক একটি এ্যঠঝ গবঃৎড় মোটরসাইকেল (রেজিস্ট্রেশন নম্বর: কুষ্টিয়া হ-১৩-২৭৬০) থামিয়ে তল্লাশি করা হয়। তল্লাশিতে মোটরসাইকেলের সিট কভারের নিচে থরে থরে সাজানো ৪৫ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। এ ঘটনায় ফেনসিডিল পাচারের কাজে ব্যবহৃত মোটরসাইকেলটিও জব্দ করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

## গাংনী থানার অভিযানে চার আসামী

(প্রথম পৃষ্টার পর)

আহম্মদ আলীর ছেলে মো: সোহাগ হোসেন, গাড়াডোব পোড়াপাড়ার হামিজ উদ্দিনের ছেলে ফয়সাল জাহান ওরফে শিশির, শিশিরপাড়া ২নং ওয়াডের জিল্লুর রহমানের ছেলে মোঃ আল-ইমরান, খাসমহল গামের মৃত জাহাঙ্গীর হোসেনের ছেলে মোঃ রাসেল হোসেন। গ্রেফতারকৃত চার আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি জানান, এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষা ও অপরাধ দমন পুলিশি কার্যক্রমের অংশ হিসেবে এই অভিযান পরিচালিত হয়। মাদকসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড নিয়ন্ত্রণে রাখতে পুলিশের বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলেও তারা জানিয়েছেন।

## মেহেরপুরে জেলা বিএনপির দুর্গাপূজা

(প্রথম পৃষ্টার পর)

জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি মোঃ আমিরুল ইসলাম, বিএনপি নেতা মোঃ আলমগীর খান ছাতু, মোঃ আনছারুল হকসহ অন্যান্য নেতাকর্মীরা। অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, "আমরা বিশ্বাস করি ধর্মীয় সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের মধ্য দিয়েই একটি সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা সম্ভব। বিএনপি সবসময়ই এ ধরণের সম্প্রীতির পক্ষে। নির্বিঘ্ন, শান্তিপূর্ণ ও স্বস্তিময় পূজো উদযাপনে আমরা সর্বোচ্চ সহযোগিতায় প্রতিশ্রুতিবদ্ধ।" বৃহত্তর সামাজিক সম্প্রীতি ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে জেলা বিএনপির এই উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে স্থানীয়রা মন্তব্য করেছেন।

## কুষ্টিয়ায় ট্রেনে কাটা পড়ে বৃদ্ধ নিহত

(প্রথম পৃষ্টার পর)

দ্রুত ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করেছে। ফিঙ্গারপ্রিন্ট যাচাই-বাছাইয়ের মাধ্যমে নিহতের পরিচয় নিশ্চিত করা হয়। তিনি ঠাকুরগাঁও সদর উপজেলার সন্দল হাট এলাকার শামসু উদ্দীনের ছেলে। মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

## শারদ বরণে বস্ত্র বিতরণ

(প্রথম পৃষ্টার পর)

সচিব ড. অশোক চন্দ্র বিশ্বাস। বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক মহাদেব চন্দ্র দাশ, মুজিবনগর পূজা উদযাপন পরিষদের সভাপতি ধীরেন হালদার এবং শচীন্দ্রনাথ বিশ্বাস ফাউন্ডেশনের অন্যতম সদস্য নন্দিতা বোস। অনুষ্ঠানটি পরিচালনা করেন ফাউন্ডেশনের সদস্য বিধান চন্দ্র বিশ্বাস।

## গ্রীষ্মকালীন হ্যান্ডবলে মেয়েদের

(প্রথম পৃষ্টার পর)

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও ছেলেদের হ্যান্ডবলে কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় জয়ী হয়েছে। গতকাল সোমবার (২২ সেপ্টম্বর) দুপুরে অনুষ্ঠিত উপজেলা পর্যায়ের মেয়েদের হ্যান্ডবল ফাইনালে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় ১-০ গোলে ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে পরাজিত করে। খেলায় সুমাইয়া জয় করে দলকে জয়ী করে। আগামী ১২ অক্টোবর মেহেরপুর স্টেডিয়াম মাঠে দলটি জেলা পর্যায়ের খেলায় অংশ নেবে। এদিকে, একই দিনে ছেলেদের হ্যান্ডবলে কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় ২-১ গোলে আর আর মাধ্যমিক বিদ্যালয়কে হারায়। প্রথমার্ধে শিশির গোল করে আর আর মাধ্যমিক বিদ্যালয়কে এগিয়ে নেন। দ্বিতীয়ার্ধে কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের জিহাদ ও জিদান একটি করে গোল করে দলকে জয়ী করেন।

## চুয়াডাঙ্গা পাসপোর্ট অফিসে সার্ভার

(প্রথম পৃষ্টার পর)

থাকায় আজ কোনো কাজ হবে না, কালকে আসতে হবে।" পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক এস এম জাকির বলেন, "বৈদ্যুতিক ট্রান্সফরমার বিস্ফোরণে সার্ভারের যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। ঢাকার টেকনিশিয়ানরা এসে মেরামতের কাজ করছেন। দুপুর থেকে সীমিত আকারে ডেলিভারি শুরু হয়েছে, তবে ছবি তোলা ও পূর্ণ কার্যক্রম চালু হতে আরও সময় লাগবে।

## মুজিবনগরে সার ডিলারের জরিমানা

(প্রথম পৃষ্টার পর)

বস্তা সার জব্দ করা হয় এবং তা সরকারি মূল্যে চাষীদের কাছে বিতরণ করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল জানান, দারিয়াপুর গ্রামের চাষীদের ফোনকলের মাধ্যমে জানা যায় যে, ডিলার চাষীদের কাছে সার বিক্রি না করে তা গোপনে সংরক্ষণ করছেন। এ তথ্যের ভিত্তিতে মোবাইল আদালতের মাধ্যমে উমাইয়া কুলসুমকে ভোক্তা অধিকার আইন অনুযায়ী জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালতে মুজিবনগর উপজেলা ভারপ্রাপ্ত কৃষি কর্মকর্তা রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

## মোহামেডান প্রফেশনাল লিগ কমিটি

(প্রথম পৃষ্টার পর)

ম্যানেজমেন্ট কমিটি বাতিল করে একটি নিরপেক্ষ ও গ্রহণযোগ্য কমিটি গঠনের প্রয়োজন। বর্তমান প্রফেশনাল লিগ কমিটির চেয়ারম্যান বসুন্ধরা কিংসের সভাপতি ইমরুল হাসান। একটি ক্লাবের সভাপতির লিগ কমিটির চেয়ারম্যান হওয়াকে কেন্দ্র করে আগে থেকেই নেতিবাচক আলোচনা ছিল। মোহামেডান অভিযোগ করেছে, বর্তমান কমিটি নিরপেক্ষভাবে কাজ করছে না। মোহামেডানের চিঠিতে বলা হয়েছে, "মৌসুমের শুরুতে ক্লাব প্রতিনিধিদের সঙ্গে ফরম্যাট ও ফিকশ্চার নিয়ে আলোচনা করা উচিত ছিল। কিন্তু কোনো আলোচনা ছাড়াই ফিকশ্চার তৈরি করা হয়েছে, যা ত্রুটিপূর্ণ এবং সামঞ্জস্যহীন। এটি দেশের ফুটবলের সামগ্রিক উন্নয়নকে বাধাগ্রস্ত করবে। তাই বর্তমান লিগ কমিটি বিলুপ্ত করে গ্রহণযোগ্য ও নিরপেক্ষ কমিটি গঠন করা জরুরি।" মোহামেডান ফুটবল দলের ম্যানেজার ইমতিয়াজ আহমেদ নকীব বলেন, "আমরা চ্যাম্পিয়ন দল। আমাদের প্রথম ম্যাচ ফর্টিস এফসির বিপক্ষে, যা অ্যাওয়ে। ক্লাবগুলোর মতামত নেওয়া হয় না, অভিযোগ করলেও কোনো ফল পাওয়া যায় না। তাই আমরা বিষয়টি সভাপতিকে লিখিতভাবে জানিয়েছি।" তিনি আরও অভিযোগ করেন, "প্রিমিয়ার লিগের ফিকশ্চারে ১২ ডিসেম্বর বসুন্ধরা কিংসের বিপক্ষে আমাদের ম্যাচ আছে। মাত্র তিন দিন পর ফেডারেশন কাপের ম্যাচও কিংসের বিপক্ষে। এটা উদ্দেশ্যমূলকভাবে করা হয়েছে। আমরা ক্লাব প্রতিনিধিদের উপস্থিতিতে ফিকশ্চার ও ফরম্যাট সংশোধনের দাবি জানিয়েছি।" মৌসুমের শুরুতেই এমন বিতর্ক বাংলাদেশের ঘরোয়া ফুটবলে নতুন উত্তাপ সৃষ্টি করেছে।

## এনসিপির সঙ্গে একীভূত হচ্ছে

(প্রথম পৃষ্টার পর)

গণঅধিকার পরিষদ থেকে ৫ জন এবং এনসিপি থেকে ৫ জন অন্তর্ভুক্ত থাকার কথা রয়েছে। এই পর্ষদ নীতিনির্ধারণী সিদ্ধান্ত নেবে ও দলের দিকনির্দেশনা ঠিক করবে। বর্তমানে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম এবং সদস্যসচিব আখতার হোসেন। অন্যদিকে গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর ও সাধারণ সম্পাদক রাশেদ খান, আর আপ বাংলাদেশের আহ্বায়ক আলী আহসান জুনায়েদ ও সদস্যসচিব আরেফিন মোহাম্মদ হিজবুল্লাহ। বৈষম্যবিরোধী আন্দোলনের ধারাবাহিকতায় গত ২৮ ফেব্রুয়ারি এনসিপি আত্মপ্রকাশ করে। ২০১৮ সালের কোটা সংস্কার আন্দোলনের পথ ধরে গড়ে ওঠা গণঅধিকার পরিষদ ২০২১ সালের ২৬ অক্টোবর আনুষ্ঠানিকভাবে রাজনৈতিক দল হিসেবে আত্মপ্রকাশ করে। অন্যদিকে ইসলামী ছাত্রশিবিরের সাবেক নেতাদের নিয়ে চলতি বছরের ৯ মে গঠিত হয় আপ বাংলাদেশ। আন্দোলন-সংগ্রামের অভিন্ন ইতিহাস ও আদর্শিক মিল থাকায় দীর্ঘদিন ধরেই এই তিন দলের মধ্যে একীভূতের আলোচনা চলছিল। এনসিপির যুগ্ম মুখ্য সংগঠক আব্দুল হান্নান মাসউদ বলেন, "একীভূত হলেও এনসিপির নাম পরিবর্তনের কোনো পরিকল্পনা নেই। আমরা চাই অন্যান্য দল এনসিপির সঙ্গে যুক্ত হোক, তবে নাম পরিবর্তনের ইচ্ছা আপাতত নেই।" সূত্রের দাবি, একীভূত হওয়ার পর দলটির প্রধান হিসেবে থাকবেন নাহিদ ইসলাম। গণঅধিকার পরিষদের নুরুল হক নুরকে রাখা হতে পারে দ্বিতীয় শীর্ষ অবস্থানে বা সম্মানজনক কোনো পদে। গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান বলেন, "রাজনীতিতে আলোচনা সব সময় হয়। এনসিপির অনেকেই ২০১৮ সালের কোটা সংস্কার আন্দোলন থেকে ২০২৩ সাল পর্যন্ত আমাদের সঙ্গে ছিলেন। সেই অভিজ্ঞতার কারণেই এখন আলোচনা চলছেড়দেশ ও জাতির কল্যাণে কীভাবে একসঙ্গে কাজ করা যায়।" এনসিপি ইতোমধ্যে সাংগঠনিক কার্যক্রম বেগবান করতে রাজধানীর একটি কনভেনশন সেন্টারে প্রথমবারের মতো সারা দেশের নেতা-কর্মীদের নিয়ে বৈঠক করেছে। দিনব্যাপী এই আয়োজনের মাধ্যমে তৃণমূল পর্যায়ের প্রতিনিধিরা নেতৃত্বের সঙ্গে মতবিনিময় করেন। বৈঠকে দলের রাজনৈতিক আদর্শ ও সাংগঠনিক রূপরেখা তুলে ধরেন নাহিদ ইসলাম ও আখতার হোসেন। তিন দলের নেতারা আশাবাদী, আগামী নভেম্বরের মধ্যেই একীভূতের বিষয়ে বড় ধরনের অগ্রগতি হবে। তবে চূড়ান্ত সিদ্ধান্ত নির্ভর করছে নেতৃত্ব ও কাঠামোগত সমঝোতার ওপর।

## জামায়াতে ইসলামী'র গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল মাষ্টার, কুতুবপুর ইউনিয়নের আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুছাইন, ২নং ওয়ার্ড সভাপতি তুজাম্মেল হক, সেক্রেটারি খাইরুল ইসলামসহ অন্যান্য নেতাকর্মীরা। গণসংযোগে বক্তারা আসন্ন নির্বাচনে জনসম্পৃক্ততা বাড়াতে এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থনের আহ্বান জানান।

## মেহেরপুরের ওমর ফারুক মামুনের দৃষ্টান্ত

(প্রথম পৃষ্টার পর)

প্রশিক্ষক হিসেবে আছি। ২০১৬ সালে জাপানের ব্রেইল লাইব্রেরি টেরিকু একিদা আইসিটি প্রোগ্রামে যাই। ২০২০ সালে করোনার সময় 'ইজি ওয়ে টু লার্নিং কম্পিউটার' বই লিখি। ২০২২ থেকে ফ্রি হোমিও চিকিৎসা দিয়ে মানুষের স্বাস্থ্যসেবায় কাজ করছি।" প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষার্থী সালমা সুলতানা বলেন, "ভাইয়া এমনভাবে ক্লাস করান যে মনে হয় না উনি দৃষ্টিপ্রতিবন্ধী।" মেহেরপুর জেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, "মামুন এবারও জাতীয় পর্যায়ে দেশসেরা প্রতিবন্ধী উদ্যোক্তা পুরস্কার পেয়েছেন। তার ইচ্ছাশক্তি ও কাজ দেখে আমরা বিস্মিত। সমাজসেবা তার পাশে থাকবে।

## ভারত-পাকিস্তান ম্যাচে হাত মেলানোর বিতর্ক: আজহারউদ্দিনের প্রশ্ন

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের বিপক্ষে ভারতীয় দল মাঠে খেলতে রাজি হলেও ক্রিকেটারদের মধ্যে হাত মেলানোর সমস্যা নিয়ে তীব্র বিতর্ক তৈরি হয়েছে। ভারতের এই আচরণকে প্রশ্নের মুখে ফেলে দিয়েছেন পাকিস্তানের সাবেক অধিনায়ক এবং বর্তমানে কংগ্রেস নেতা মোহাম্মদ আজহারউদ্দিন। এনডিটিভির এক অনুষ্ঠানে আজহারউদ্দিন বলেন, "ভারত যখন খেললই, তাহলে হাত মেলাতে পারতো। তাতে কোনো সমস্যা হতো না। আমি বুঝতে পারলাম না সমস্যাটা কোথায় ছিল।" মাস কয়েক আগে ভারত ও পাকিস্তান সরাসরি রাজনৈতিক উত্তেজনার মধ্যে থাকলেও এশিয়া কাপে দুই দলের মুখোমুখি মেলায় খেলা হয়েছে। তবে পাকিস্তানি ক্রিকেটারদের সঙ্গে ভারতীয়রা কোনো হাত মেলেনি। বিশেষভাবে উল্লেখযোগ্য, ১৪ সেপ্টেম্বর দুবাই আন্তর্জাতিক স্টেডিয়ামে ভারত-পাকিস্তান ম্যাচের টসে ভারতীয় অধিনায়ক সূর্যকুমার যাদব পাকিস্তানি অধিনায়ক সালমান আগারের সঙ্গে করমর্দন করেননি। দলপত্র বিনিময়ও হয়নি। ম্যাচ রেফারি অ্যান্ডি পাইক্রফট আগে থেকেই বিষয়টি জানিয়ে দিয়েছিলেন। পাকিস্তান আইসিসির কাছে আনুষ্ঠানিক অভিযোগ করেছে, এবং সমাধান না হলে ম্যাচ বয়কটেরও হুমকি দিয়েছিল। ফলস্বরূপ, গ্রুপপর্বের শুরুতে সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে পাকিস্তান সময়মতো মাঠে না যাওয়া ও শেষ পর্যন্ত এক ঘণ্টা দেরিতে খেলা শুরু করা। এরপর ভারতের হ্যান্ডশেক বিতর্কের প্রেক্ষাপটে সুপার ফোরের ম্যাচে ভারতের বিপক্ষে হার সত্ত্বেও পাকিস্তানি ক্রিকেটারদের নানা ইঙ্গিতপূর্ণ আচরণ নজর কেড়েছে। হাফসেঞ্চুরির পর ওপেনার শাহিবজাদা ফারহান ব্যাটকে বন্দুকের মতো করে উদযাপন করেন। আর ফিল্ডিংয়ে হারিস রউফ ভারতের সমর্থকদের প্রতি আঙুল দেখিয়ে '৬-০' এবং ভারতের যুদ্ধবিমান বিধ্বস্ত হওয়ার ইঙ্গিত দেন। এই ঘটনাগুলো ভারতের সঙ্গে পাকিস্তানের ক্রিকেট সম্পর্ককে নতুনভাবে আলোচনার জন্ম দিয়েছে।

## লেবাননে ইসরায়েলি হামলায় মার্কিন পরিবারের চারজনসহ নিহত-৫

সূর্যোদয় প্রতিবেদন

দক্ষিণ লেবাননে ইসরায়েলের বিমান হামলায় এক মার্কিন পরিবারের চারজন সদস্যসহ পাঁচজন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে তিন শিশু রয়েছে। সোমবার (২২ সেপ্টেম্বর) স্থানীয় সময় এই হামলা হয় বলে লেবানন সরকার নিশ্চিত করেছে। খবর সিএনএনের। ইসরায়েলি সেনাবাহিনী (আইডিএফ) জানায়, দক্ষিণাঞ্চলীয় শহর বিনতে জবেইলে হিজবুল্লাহর এক অপারেটরকে লক্ষ্য করে তারা হামলা চালিয়েছিল। তবে সেনারা স্বীকার করেছে, এ সময় বেশ কয়েকজন বেসামরিক নাগরিকও নিহত হয়েছেন। আইডিএফ এক বিবৃতিতে জানায়, "আইডিএফ সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত নয় এমন ব্যক্তিদের যেকোনো ক্ষতির জন্য দুঃখ প্রকাশ করছে এবং বেসামরিক হতাহতের ঘটনা এড়াতে সর্বোচ্চ চেষ্টা করছে। ঘটনাটি বর্তমানে পর্যালোচনাধীন।" লেবাননের পার্লামেন্টের স্পিকার নাবিহ বেরি জানিয়েছেন, নিহতদের মধ্যে একজন মার্কিন নাগরিক বাবা ও তার তিন সন্তান রয়েছেন। পরিবারটির মা-ও গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন, এবং তার অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন লেবাননের পররাষ্ট্রমন্ত্রী ইউসুফ রাজি। লেবাননের রাষ্ট্র-পরিচালিত সংবাদ সংস্থা এনএনএ জানায়, ইসরায়েলি ড্রোন একটি মোটরসাইকেল ও একটি মার্সিডিজ গাড়িকে লক্ষ্য করে দুটি ক্ষেপণাস্ত্র ছোড়ে। গাড়িতে থাকা বাবা ও তিন সন্তান ঘটনাস্থলেই নিহত হন। মোটরসাইকেল আরোহী, যিনি হামলার মূল লক্ষ্য ছিলেন, তিনিও প্রাণ হারান। লেবাননের প্রধানমন্ত্রী নওয়াফ সালাম হামলাটিকে বেসামরিক নাগরিকদের ওপর "গণহত্যা" বলে আখ্যা দিয়েছেন। তিনি বলেন, "এই হামলার মাধ্যমে নিজেদের গ্রামে ফিরে আসা মানুষদের ভয় দেখানোর বার্তা দিতে চেয়েছে ইসরায়েল।"তিনি আন্তর্জাতিক সম্প্রদায়কে আহ্বান জানিয়ে বলেন,"আন্তর্জাতিক প্রস্তাব ও আন্তর্জাতিক আইন বারবার লঙ্ঘনের জন্য ইসরায়েলের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে।" সিএনএন জানিয়েছে, এই ঘটনার বিষয়ে মার্কিন পররাষ্ট্র দপ্তরের সঙ্গে যোগাযোগ করা হলেও এখনো আনুষ্ঠানিক কোনো মন্তব্য পাওয়া যায়নি।

## যুক্তরাষ্ট্র বাগরাম বিমানঘাঁটি ফেরত চাওয়ায় চীনের প্রতিক্রিয়া

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাজ্যে রাষ্ট্রীয় সফরে বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের সঙ্গে এক যৌথ সংবাদ সম্মেলনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দেন, আফগানিস্তানের কাবুলের দক্ষিণে অবস্থিত কৌশলগত বাগরাম বিমান ঘাঁটিটি পুনরায় ফেরত আনার চেষ্টা করছেন তিনি। কারণ হিসেবে তিনি উল্লেখ করেন ঘাঁটিটি চীনের পারমাণবিক অস্ত্র তৈরির স্থানের কাছাকাছি হওয়ায় এর ভূ-রাজনৈতিক গুরুত্ব অপরিসীম। খবর দ্য ইকোনোমিক টাইমস। ঘাঁটি পুনর্দখলের এমন বক্তব্যে প্রতিক্রিয়া জানিয়েছে বেইজিং। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র লিন জিয়ান এক সংবাদ সম্মেলনে বলেন, "এই অঞ্চলে উত্তেজনা এবং সংঘাত উস্কে দেওয়া সমর্থন করা হবে না।" তিনি আরও সতর্ক করে দেন, "আফগানিস্তানের ভবিষ্যৎ নির্ধারণ করবে সেখানকার জনগণ। বিদেশি হস্তক্ষেপ এখন আর জনপ্রিয় হবে না।" এ বিষয়ে আফগানিস্তানের তালেবান সরকারও ট্রাম্পের বক্তব্যকে "উসকানিমূলক" আখ্যা দিয়েছে। তারা স্পষ্ট জানিয়ে দিয়েছে, যুক্তরাষ্ট্রকে কোনোভাবেই বাগরাম বিমানঘাঁটি ফিরিয়ে দেওয়া হবে না। বর্তমানে ঘাঁটিটি তালেবান নিয়ন্ত্রিত আফগান প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে রয়েছে। বাগরাম ঘাঁটির ইতিহাস জটিল ও রক্তাক্ত। ১৯৫০-এর দশকে সোভিয়েত ইউনিয়নের সহায়তায় ঘাঁটিটি নির্মিত হয়। ১৯৭৯ থেকে ১৯৮৯ সাল পর্যন্ত সোভিয়েত সেনারা আফগান মুজাহেদীনদের বিরুদ্ধে এখান থেকেই অভিযান চালাতো। সোভিয়েত পতনের পর দেশটি বিশৃঙ্খলায় পতিত হলে ২০০১ সালে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন জোট এখানে অবস্থান নেয়।

২০০১ সালের ১১ সেপ্টেম্বর নিউ ইয়র্কের টুইন টাওয়ারে সন্ত্রাসী হামলার পর আল-কায়েদা বিরোধী অভিযানে বাগরাম হয়ে ওঠে মার্কিন সামরিক তৎপরতার কেন্দ্রবিন্দু। প্রায় ২০ বছর এটি ছিল যুক্তরাষ্ট্রের বৃহত্তম সামরিক ঘাঁটি, যেখানে আধুনিক হাসপাতাল, ডেন্টাল ক্লিনিকসহ দুটি শক্তিশালী রানওয়ে তৈরি করা হয়। তবে ঘাঁটিটি শুধু সামরিক কার্যক্রম নয়, বন্দি নির্যাতন ও কথিত গণহত্যার জন্যও কুখ্যাত হয়ে ওঠে। ২০২১ সালে তালেবানরা ক্ষমতায় ফেরার ঠিক আগ মুহূর্তে রাতারাতি মার্কিন সেনারা ঘাঁটি ত্যাগ করে। পরে স্থানীয়রা পুরো এলাকা খালি দেখতে পান। দ্বিতীয় দফায় ক্ষমতায় ফেরার পর থেকেই ডোনাল্ড ট্রাম্প অন্তত ২০ বার প্রকাশ্যে বলেছেন, বাগরাম হারানো যুক্তরাষ্ট্রের জন্য বড় ধরনের বিপর্যয়। তার দাবি, ঘাঁটিটি চীনের হাতে চলে গেছে। এবার প্রথমবারের মতো প্রকাশ্যে তিনি ঘোষণা করলেন এটি ফেরত আনার চেষ্টা করছেন। এয়ারফোর্স ওয়ানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, "রানওয়ে ও সক্ষমতা বিবেচনায় বাগরাম বিশ্বের অন্যতম শক্তিশালী বিমান ঘাঁটি। সেখানে যেকোনো কিছু অবতরণ করা সম্ভব।" তিনি আবারও উল্লেখ করেন, চীনের ক্ষেপণাস্ত্র স্থাপনার নিকটবর্তী হওয়ায় ঘাঁটিটি অপরিসীম গুরুত্বপূর্ণ। বিশ্লেষকদের মতে, বাগরাম ঘাঁটি পুনরায় দখলের মাধ্যমে যুক্তরাষ্ট্র কয়েকটি লক্ষ্য পূরণ করতে চাইছে- চীনের ওপর ঘনিষ্ঠ নজরদারি, আফগানিস্তানের বিরল খনিজ সম্পদের ওপর প্রভাব বিস্তার, আইএসআইএসবিরোধী সন্ত্রাসবিরোধী ঘাঁটি স্থাপন, আঞ্চলিক ভূ-রাজনৈতিক প্রভাব বৃদ্ধি। একসময় সোভিয়েত ইউনিয়ন যেমন আশপাশের অঞ্চল পর্যবেক্ষণে বাগরাম ব্যবহার করেছিল, আজ একই কারণে যুক্তরাষ্ট্র আবারও এর নিয়ন্ত্রণ চাইছে। তবে চীন ও তালেবানের কড়া বিরোধিতা, আঞ্চলিক প্রতিদ্বন্দ্বিতা এবং আফগান জনগণের প্রতিক্রিয়া সামনে রেখে ওয়াশিংটনের এই পরিকল্পনা বাস্তবায়ন কতটা সম্ভব হবে, তা নিয়েই এখন প্রশ্ন উঠেছে।

## এইচ-১বি ভিসা ফি বৃদ্ধিতে আতঙ্ক, প্লেন থেকে নেমে গেলেন ভারতীয় যাত্রীরা

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রে এইচ-১বি ভিসার ফি ব্যাপকভাবে বৃদ্ধির ঘোষণা আতঙ্ক ছড়িয়েছে বিদেশি নাগরিকদের মধ্যে। বিশেষ করে ভারতীয়রা এ সিদ্ধান্তে চরম উৎকণ্ঠায় ভুগছেন। অনিশ্চয়তার জেরে সান ফ্রান্সিসকো থেকে দুবাইগামী এমিরেটসের একটি ফ্লাইটে এমনকি কয়েকজন ভারতীয় যাত্রী মাঝপথে প্লেন থেকে নেমে যান। মার্কিন সংবাদমাধ্যম সিএনএন জানায়, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি এইচ-১বি ভিসায় এক লাখ ডলারের নতুন ফি আরোপের ঘোষণা দেন।